# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 07, 1432 Bangla, February 20, 2026, Friday, No. 51, 56th year

# H I G H L I G H T S

US President Donald Trump has congratulated Tarique Rahman on his assumption of office as PM of BD, expressing optimism about further strengthening bilateral relations and expanding cooperation in trade, defence & regional stability. [BBC: 03]

Reaffirming deeper bilateral engagement British PM Sir Keir Starmer has congratulated PM Tarique Rahman on his election victory & assumption of office, pledging to further strengthen UK-BD partnership across key sectors. [BBC: 04]

Information and Broadcasting Minister Zahir Uddin Swapan has said the government will not allow any action or decision to be implemented outside the Constitution and established rules. [Jago FM: 10]

A committee has been formed to investigate the allegations of corruption against Mahbub Morshed, the Managing Director and Chief Editor of Bangladesh Sangbad Sangstha. [BBC: 07]

If the referendum is canceled, then this election will also be questionable --- alleged NCP Convener and Opposition Chief Whip Nahid Islam. [BBC: 03]

Jamaat-e-Islami Ameer & newly appointed Opposition Leader in Parliament, Dr. Shafiqur Rahman, has strongly stated that no one should be subjected to oppression based on their political identity. [Jago FM: 13]

BNP's leaders & activists were surprised that former security adviser of interim govt. Khalilur Rahman was given the responsibility of Ministry of Foreign Affairs. Opposition party has also criticized it. [BBC: 04]

All categories of Indian visas will gradually return to normal processing levels--- said the Assistant High Commissioner of the Assistant High Commission of India in Sylhet, Aniruddha Das. [DW: 09]

Foreign diplomats expressed support for press freedom, freedom of expression & democracy while visiting an art exhibition at fire-ravaged building of Prothom Alo that had been burned down in extremist attack. [DW: 09]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ০৭, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ২০, ২০২৬, শুক্রবার, নং- ৫১, ৫৬তম বছর**

# শিরোনাম

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করায় তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার এবং বাণিজ্য, প্রতিরক্ষা এবং আঞ্চলিক স্থিতিশীলতায় সহযোগিতা সম্প্রসারণের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেছেন তিনি। [বিবিসি: ০৩]

প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ার স্টারমার। অভিনন্দন বার্তায় বাংলাদেশ-যুক্তরাজ্য দুই বন্ধুত্বপূর্ণ দেশের দীর্ঘস্থায়ী অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার প্রতিশ্রুতিও দিয়েছেন তিনি। [বিবিসি: ০৪]

বিধি-বিধানের বাইরে কোনো কিছু বাস্তবায়ন করতে দেওয়া হবে না --- জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। [জাগো নিউজ: ১০]

রাষ্ট্র নিয়ন্ত্রিত বাংলাদেশ সংবাদ সংস্থার এমডি মাহবুব মোর্শেদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তদন্তে কমিটি গঠন করা হয়েছে। [বিবিসি: ০৭]

যদি গণভোট বাতিল হয়ে যায়, তাহলে এই নির্বাচনও প্রশ্নবিদ্ধ হবে --- জাতীয় সংসদে বিরোধীদলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। [বিবিসি: ০৩]

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, শুধু দলীয় পরিচয়ের কারণে কেউ যেন জুলুমের শিকার না হয়। [জাগো নিউজ: ১৩]

অন্তর্বর্তী সরকারের প্রাক্তন নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানকে নির্বাচিত বিএনপি সরকারের গুরুত্বপূর্ণ পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়ায় বিএনপির নেতা-কর্মীরা বিস্মিত। বিরোধী দলও এর সমালোচনা করেছে।[বিবিসি: ০৪]

বাংলাদেশিদের জন্য সব ধরনের ভিসা কার্যক্রম পর্যায়ক্রমে স্বাভাবিক পর্যায়ে ফিরবে --- জানিয়েছেন সিলেটে নিযুক্ত ভারতীয় সহকারী হাইকমিশনার অনিরুদ্ধ দাস। [ডয়চে ভেলে: ০৯]

উগ্রবাদীদের সুসংগঠিত হামলা ও আগুনে পুড়ে যাওয়া প্রথম আলো ভবনে শিল্প প্রদর্শনীতে এসে বিদেশি কূটনীতিকেরা সংবাদপত্র ও মতপ্রকাশের স্বাধীনতা এবং গণতন্ত্রের প্রতি তাদের সমর্থন ব্যক্ত করেছেন। [ডয়চে ভেলে: ০৯]

# বিবিসি

## প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করলেন তিন বাহিনীর প্রধান

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সচিবালয়ে তার দপ্তরে দেখা করেছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান এবং বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান। সাক্ষাতের সময় প্রধানমন্ত্রীর উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শামছুল ইসলাম উপস্থিত ছিলেন। গত ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশ আসনে জয় হয়ে সরকার গঠন করেছে বিএনপি। মঙ্গলবার শপথের মাধ্যমে দায়িত্ব নিয়েছে নতুন মন্ত্রিপরিষদ। আজ তার সঙ্গে প্রথম বৈঠক করলেন তিন বাহিনী প্রধান।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন ডোনাল্ড ট্রাম্প

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করা তারেক রহমানকে মার্কিন জনগণের পক্ষ থেকে অভিনন্দন জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। স্থানীয় সময় ১৮ ফেব্রুয়ারি তারেক রহমানের উদ্দেশ্যে লেখা এক চিঠিতে তিনি এ কথা জানান। চিঠিতে তিনি তারেক রহমানের সফলতা কামনা করেন এবং বলেন যে, পারস্পরিক সম্মান ও অভিন্ন স্বার্থের ভিত্তিতে বাংলাদেশের সাথে কাজ করতে আগ্রহী যুক্তরাষ্ট্র। ডোনাল্ড ট্রাম্প আশা প্রকাশ করেন, পারস্পরিক বাণিজ্য চুক্তি বাস্তবায়নের মাধ্যমে দুই দেশের কৃষক ও শ্রমিকদের উপকার হবে। পাশাপাশি, তিনি প্রতিরক্ষা সহযোগিতা জোরদারের ওপর গুরুত্বারোপ করেন এবং বলেন যে, এই বাণিজ্য যুক্তির মধ্যদিয়ে বাংলাদেশ উচ্চমানের মার্কিন সামরিক সরঞ্জামে প্রবেশাধিকার পাবে।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ এলিনা)

## গণভোট বাতিল হলে এই নির্বাচনও প্রশ্নবিদ্ধ হবে : নাহিদ ইসলাম

"যদি গণভোট বাতিল হয়ে যায়, তাহলে এই নির্বাচনও প্রশ্নবিদ্ধ হবে। কারণ আপনি কোন সংবিধান অনুযায়ী এই নির্বাচন করেছেন?„ প্রশ্ন করেছেন জাতীয় সংসদে বিরোধীদলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। আজ ১৯ ফেব্রুয়ারি ঢাকার বাংলামোটরে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। এসময় তিনি সরকারি দল বিএনপিকে দ্রুত সময়ের মধ্যে জাতীয় সংসদকে কার্যকর করতে আহ্বান জানান। তার ভাষায়, "অধিবেশন ডাকা হোক, তার আগে সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে তারা শপথ নিক।„ ত্রয়োদশ জাতীয় নির্বাচনের ভোটগ্রহণ সুষ্ঠু হলেও নির্বাচনের ফলাফলে কারচুপি হয়েছে বলে অভিযোগ করে তিনি বলেন, "তা সত্ত্বেও আমরা গণতন্ত্র ও দেশের স্থিতিশীলতার স্বার্থে এই ফলাফল মেনে নিয়ে এগোতে চেয়েছি।„ এসময় বিএনপির বিরুদ্ধে দেশের মানুষের সঙ্গে প্রতারণার অভিযোগ আনেন নাহিদ ইসলাম, তিনি বলেন, "জাতীয় সংসদ ও সংবিধান সংস্কার পরিষদকে কার্যকর করতে আমরা (এনসিপি) শপথ গ্রহণ করেছি। কিন্তু শপথ গ্রহণের প্রথমদিন সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে সরকারি দল (বিএনপি) শপথ গ্রহণ না করে বাংলাদেশের জনগণের সাথে, সংস্কারের পক্ষের মানুষদের সাথে এক ধরনের প্রতারণা করেছে।„(বিবিসি ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ এলিনা)

## 'সমঝোতার ভিত্তিতে টাকা তুললে সেটিকে চাঁদা আকারে দেখার সুযোগ নেই'

নতুন বিএনপি সরকারের সড়ক পরিবহণ ও যোগাযোগ মন্ত্রী শেখ রবিউল আলম পরিবহণ খাতে চাঁদাবাজি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের মুখে কিছু মন্তব্য করেছেন। তিনি বলেছেন, মালিক ও শ্রমিক সমিতিগুলো নিজেদের কল্যাণে সমঝোতার ভিত্তিতে কিছু টাকা তোলেন। এটা একটি অলিখিত বিধির মাধ্যমে। ওই টাকা আবার তারা নিজেদের কল্যাণেই ব্যয় করেন। তিনি উল্লেখ করেন, চাঁদা ওইটাকে বলা যায়, যা কেউ দিতে চায় না বা তাকে বাধ্য করা হচ্ছে। আজ বৃহস্পতিবার বিকেলে সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। মন্ত্রী উদাহরণ দিয়ে বলেন, "মালিক সমিতি নির্দিষ্ট হারে টাকা তোলে, মালিকদের কল্যাণে ব্যবহার করতে চায়। কতটুকু ব্যবহার হয়, তা জানি না, সেটা নিয়ে বিতর্ক আছে। কিন্তু সমঝোতার ভিত্তিতে তারা এটা করে, সেখানে যে মালিক বা দল ক্ষমতায় থাকে, তারা প্রাধান্য পায়। এটা চাঁদা আকারে দেখার সুযোগ হচ্ছে না, কারণ তারা সমঝোতার ভিত্তিতে করছে। তবে চাঁদাবাজি যদি কেউ করতে আসে, সেই সুযোগ নেই।„(বিবিসি ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ এলিনা)

## ইংলিশ মিডিয়াম স্কুলকে 'রেগুলেটরির আন্ডারে' আনতে হবে : শিক্ষামন্ত্রী

ইংরেজি মাধ্যম স্কুলগুলোকে নীতিমালার আওতায় আনার কথা বলেছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। "আমরা আমাদের সময়ে হেরিটেজ, কালচার, হিস্ট্রি, রিলিজিওন্সকে গুরুত্ব দিয়ে বাংলা পিডিয়াতে অন্তর্ভুক্ত করেছিলাম। কিন্তু আমরা তখন ওদেরকে (ইংলিশ মিডিয়ামকে মন্ত্রণালয়ের) রেগুলেটরিতে আনতে পারিনি। সেই সময় এই উদ্যোগটা নিয়েও নেওয়া হয়নি, সেটা ভিন্ন গল্প। এবার আমার সাথে প্রতিমন্ত্রীর কথা হয়েছে। আমরা ইংলিশ মিডিয়াম স্কুলগুলোকে কীভাবে মন্ত্রণালয়ের রেগুলেটরির আন্ডারে আনা যায়, সেই ব্যবস্থা আমাদের নিতেই হবে,„ মন্তব্য করেছেন তিনি। আজ বৃহস্পতিবার দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক প্রেস ব্রিফিংয়ে শিক্ষামন্ত্রী এ মন্তব্য করেন।

এ সময় তার সঙ্গে শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজও উপস্থিত ছিলেন। এই সিদ্ধান্ত নেওয়ার কারণ ব্যাখ্যা করে তিনি আরও বলেন, "প্রত্যেকটি স্কুল-কলেজকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্ত হতেই হবে। এর কোনো বিকল্প নেই। আইনত একই রাষ্ট্রে অন্য কোনো পদ্ধতি থাকে না। ক্যামব্রিজ ও ব্রিটিশ কাউন্সিল পারমিসেবল। তবে তাদের কীভাবে রেগুলেটরির আন্ডারে আনা যায়, সে বিষয়েও আমরা আগামীতে উদ্যোগ নেবো।„ এসময় তিনি আরও জানান যে, তারা শিগ্‌গিরই কারিকুলাম বা পাঠ্যক্রম রিভিউ করবে। "যেখানে যা পরিমার্জন করা প্রয়োজন, সেটা আমরা করবো। সেজন্য আমাদের ইন্টার্নাল প্রিপারেশন নিতে হবে। যারা কারিকুলাম এক্সপার্ট রয়েছে, তাদের মধ্যেও সমন্বয় সাধন করা লাগবে,„ তিনি বলেন।(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০২.২০২৬ এলিনা)

## ঈদের আগেই পাইলট প্রজেক্ট হিসেবে ফ্যামিলি কার্ড চালু হবে, জানালেন পরিবেশমন্ত্রী

ঈদের আগেই পাইলট প্রজেক্ট হিসেবে ফ্যামিলি কার্ড চালু হবে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু। আজ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে নির্বাচনি অঙ্গীকার অনুযায়ী `ফ্যামিলি কার্ড, চালু করার লক্ষ্যে কর্মপরিকল্পনা চূড়ান্ত করতে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়, যে সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সচিবালয়ে অনুষ্ঠিত ওই বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন পরিবেশমন্ত্রী। তার ভাষায়, "বিএনপির নির্বাচনি ম্যানিফেস্টোতে ফ্যামিলি কার্ডের বিষয়টি বিস্তারিত উল্লেখ আছে। সেটা কার্যকর কীভাবে করবে, তা নিয়েই আজ আলোচনা হয়েছে। ঈদের আগেই পাইলট প্রজেক্ট হিসেবে চালু হবে, এটুকু আমি জানি।„ ফ্যামিলি কার্ড কত পরিবারকে দেওয়া হবে- এমন এক প্রশ্নের জবাবে মন্ত্রী আরও বলেন, "এটা ইউনিভার্সাল, এখানে কোনো রেস্ট্রিকশন থাকবে না। একটা কমিটি করা হয়েছে। হয়ত হতদরিদ্র পরিবার থেকে আরম্ভ করে দরিদ্র, মধ্যবিত্ত, এভাবে যাবে।„(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০২.২০২৬ এলিনা)

## রমজানে ১০ লাখ পরিবারকে সুলভ মূল্যে দুধ, ডিম, মাছ, মাংস দেবে সরকার : মৎস্য প্রতিমন্ত্রী

মৎস্য ও প্রাণিসম্পদ, কৃষি এবং খাদ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাহউদ্দিন টুকু বলেছেন, রমজান উপলক্ষ্যে নিম্ন আয়ের মানুষের জন্য সুলভ মূল্যে প্রোটিনসমৃদ্ধ খাদ্য (দুধ, ডিম, মাংস ও মাছ) সরবরাহের উদ্যোগ নেওয়া হয়েছে। এ কার্যক্রমের আওতায় সারা দেশে প্রায় ১০ লক্ষাধিক পরিবারকে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা রয়েছে। রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের এক খবরে এই তথ্য জানানো হয়। আজ বৃহস্পতিবার সকালে মহাখালীতে প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানের সম্মেলন কক্ষে রমজান মাসে সুলভ মূল্যে দুধ, ডিম ও মাংস বিক্রয় কর্মসূচির উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, রমজান মাসে কিছু অসাধু ব্যবসায়ী পণ্যের মূল্যবৃদ্ধি করলে নিম্ন আয়ের মানুষের কষ্ট বেড়ে যায়। নিম্ন আয়ের মানুষের কষ্ট লাঘবে সরকারের এই ধরনের উদ্যোগ তাদের জন্য সহায়ক ভূমিকা রাখবে। ভবিষ্যতে এ কার্যক্রম আরও সম্প্রসারণ করার পরিকল্পনাও রয়েছে বলে জানান তিনি।
(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০২.২০২৬ এলিনা)

## সিলেটে ভূমিকম্প অনুভূত

সিলেটে আজ ফের ভূকম্পন অনুভূত হয়েছে। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৪.১। আজ বৃহস্পতিবার দুপুর ১২টা ৪৬ মিনিট ৫৬ সেকেন্ডে এ ভূ-কম্পন অনুভূত হয়। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ওয়েবসাইটে বলা হয়েছে, ভূমিকম্পের উৎপত্তিস্থল সুনামগঞ্জের ছাতকে। আর ঢাকা থেকে ভূমিকম্পের উৎপত্তিস্থলের দূরত্ব ছিল ১৮৭ কিলোমিটার উত্তর-পূর্বে।(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০২.২০২৬ এলিনা)

## তারেক রহমানকে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী তারেক রহমানকে নির্বাচনে বিজয় এবং প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য শুভেচ্ছা জানিয়েছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ার স্টারমার। বৃহস্পতিবার এক অভিনন্দন বার্তায় বাংলাদেশ-যুক্তরাজ্য দুই বন্ধুত্বপূর্ণ দেশের দীর্ঘস্থায়ী অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার প্রতিশ্রুতিও দিয়েছেন কিয়ার স্টারমার। বার্তায় ব্রিটিশ প্রধানমন্ত্রী বাংলাদেশে যুক্তরাজ্যের বাণিজ্য ও বিনিয়োগ, জলবায়ু কার্যক্রম, অভিবাসন, প্রতিরক্ষা সহযোগিতা এবং মানবিক সহায়তাসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়াতে প্রতিশ্রুতির বিষয়ে উল্লেখ করছেন। এছাড়া মানবিক কারণে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় ও তাদেরকে সহায়তায় বাংলাদেশের চেষ্টার প্রতি যুক্তরাজ্যের অব্যাহত সমর্থনের কথাও বলেছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০২.২০২৬ রনি)

## খলিলুর রহমানকে পররাষ্ট্রমন্ত্রী করা নিয়ে বিএনপিতেও 'বিস্ময়'

সদ্য বিদায় নেওয়া অন্তর্বর্তী সরকারের নিরাপত্তা উপদেষ্টার দায়িত্ব পালনের সময় আলোচিত খলিলুর রহমান নির্বাচিত বিএনপি সরকারে গুরুত্বপূর্ণ পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব পাওয়ায় খোদ দলটির নেতা-কর্মীরাই অবাক হয়েছেন। এর সমালোচনা করেছে বিরোধী দলও। বিএনপি নেতাদের কেউ কেউ বলছেন, মি. রহমানকে পররাষ্ট্রমন্ত্রী করার বিষয়টি তাদের জন্য বিব্রতকর ও অস্বস্তিকর হয়েছে। নানা আলোচনা চলছে ব্যবসায়ী-অর্থনীতিবিদসহ বিভিন্ন মহলে। কারণ, অন্তর্বর্তী সরকারের আঠারো মাসে অনেক সময়ই খলিলুর রহমানের ভূমিকা নিয়ে আলোচনা-বিতর্কের সৃষ্টি হয়েছে।

এমনকি নানা ইস্যুতে খলিলুর রহমানের সমালোচনা করতে দেখা গেছে, বিএনপির শীর্ষ পর্যায়ের নেতাদের। তখন শুধু সমালোচনায় থেমে থাকেননি তারা, বিএনপি মি. রহমানকে অন্তর্বর্তী সরকার থেকে সরিয়ে দেওয়ার দাবিও জানিয়েছিল। সর্বশেষ নির্বাচনের কয়েকদিন আগে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য চুক্তি নিয়ে ব্যবসায়ী-অর্থনীতিবিদদের পাশাপাশি বিএনপি নেতাদেরও কেউ কেউ অভিযোগ তুলেছিলেন যে, দেশের স্বার্থ রক্ষা হয়নি। ওই চুক্তি ঘিরেও অন্তর্বর্তী সরকারের শেষ সময়ে বিএনপি নেতাদের অনেকে প্রকাশ্যে মি. রহমানের সমালোচনা করেছেন। কিন্তু আলোচনা-সমালোচনা থাকলেও খলিলুর রহমান পররাষ্ট্রমন্ত্রী হলেন তারেক রহমানের নেতৃত্বাধীন রাজনৈতিক সরকারে। নতুন সরকারের মন্ত্রিসভায় এটিই বড়ো ব্যতিক্রম। প্রশ্ন হচ্ছে, বিএনপি কেন তাকে একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের দায়িত্ব দিলো? খলিলুর রহমান নিজেও এমন প্রশ্নের মুখোমুখি হন। জবাবে তিনি বলেছেন, বিএনপির মন্ত্রিসভায় তিনি `জোর করে, যাননি।

**বিএনপির নেতাকর্মীরাও 'অবাক'**

জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগের দীর্ঘ শাসনের পতনের পর গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত প্রথম জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে মানুষের মাঝে প্রত্যাশা তৈরি হয়। সেই নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে সরকার গঠন করেছে বিএনপি। ফলে নির্বাচিত এই সরকারের মন্ত্রিসভায় কারা আসছেন, এ নিয়ে মানুষের মধ্যে বেশ কৌতূহল ছিল। সংবাদমাধ্যমেও কয়েকদিন ধরে সম্ভাব্য মন্ত্রীদের অনেক তালিকা প্রকাশ হয়েছে, সেসব তালিকাও ছিল বিএনপির তরুণ-প্রবীণ এবং মিত্র দলগুলোর নেতাদের নিয়ে। একেবারে শেষ সময়ে সরকার গঠনের আগ মুহূর্তে বিএনপির মন্ত্রিসভার জন্য খলিলুর রহমানের নাম আলোচনায় আসে সামাজিক মাধ্যমে। কয়েকটি সংবাদমাধ্যমেও তিনি মন্ত্রী হতে পারেন বলে খবর প্রকাশ হয়। রাজনৈতিক বিশ্লেষকেরা বলছেন, বিধান অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ দল থেকে নির্বাচিত সংসদ নেতা তার সরকারের মন্ত্রিপরিষদে কাকে নেবেন বা কাকে রাখবেন, সেটা একান্ত তার এখতিয়ার। তিনি চাইলে দলের কারও কারও সঙ্গে পরামর্শ করতে পারেন, আবার নাও করতে পারেন। সে কারণে মন্ত্রিসভা গঠনের আগে সম্ভাব্যদের নাম গোপন থাকে। এরপরও সংবাদমাধ্যমে আলোচনা হয় অনেক নাম নিয়ে। এবারও তাই হয়েছে। তবে খলিলুর রহমান যে মন্ত্রী হচ্ছেন, তা আলোচনায় এসেছে শেষ মুহূর্তে। বিএনপির নেতা-কর্মীরাও অবাক হয়েছেন বলে মনে হয়েছে। দলটির নীতি-নির্ধারণী পর্যায়ের একাধিক নেতা বিবিসি বাংলাকে জানিয়েছেন, খলিলুর রহমান তাদের সরকারের মন্ত্রী হিসেবে দায়িত্ব পাবেন, এটি তাদের ধারণায় ছিল না। সরকার গঠনের আগমুহূর্তে সংবাদমাধ্যমে খবর দেখে তারা অবাক হয়েছেন।

তারা বলছেন, অন্তর্বর্তী সরকারের নিরাপত্তা উপদেষ্টা হিসেবে বিভিন্ন ইস্যুতে খলিলুর রহমানের ভূমিকা নিয়ে তারাও সমালোচনা করেছেন। তার পদত্যাগও তারা চেয়েছিলেন। এখন তাদের সরকারই মি. রহমানের মন্ত্রী হওয়ার বিষয়টি তাদের জন্য বিব্রতকর ও অস্বস্তিকর হয়েছে। কয়েকটি জেলায় দলটির তৃণমূলের কয়েকজন নেতার সঙ্গে কথা বলেও একই ধরনের প্রতিক্রিয়া পাওয়া গেছে। বিএনপির নীতি-নির্ধারকদের কেউ কেউ খলিলুর রহমানকে মন্ত্রী করার ব্যাপারে তাদের শীর্ষ নেতার সিদ্ধান্তের পক্ষে যুক্তি দিচ্ছেন।

**'জোর করে যাইনি'**

বিএনপি সরকারের যাত্রার প্রথম দিনে বুধবার সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় ঢাকায় সফররত নেপালের পররাষ্ট্রমন্ত্রী বালা নন্দ শর্মার সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। এরপর মি. রহমান সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। তখন সাংবাদিকদের প্রশ্ন ছিল, অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব থেকে নির্বাচনে বিজয়ী দলের মন্ত্রিসভায় যোগ দেওয়া স্বার্থের সংঘাত তৈরি করে কি না। এর জবাবে পররাষ্ট্রমন্ত্রী খলিলুল রহমান বলেছেন, "আমি তো জোর করে যাইনি। একেকজনের একেকজন সম্পর্কে একটা প্রাথমিক ধারণা থাকতে পারে, সেটা পরিবর্তনও হয়।„ আরেকটি প্রশ্ন ছিল, একটা কথা অনেকেই বলছেন, আপনি আগের সরকারেও ছিলেন। নির্বাচনে রেফারির ভূমিকায় ছিলেন। আপনি বিজয়ী দলের সঙ্গে আসলেন। সেটা কেউ কেউ বলার চেষ্টা করছে, কনফ্লিক্ট অব ইন্টারেস্ট তৈরি করে কি না। এমনকি বিএনপির এই বিজয়ে আগের সরকারের যুক্ততা নিয়ে কথা উঠছে। এর জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, "অনেকে ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের কথা বলছে। তার মানে গণনা ঠিক হয়নি। তাই তো। এটা বলছে তো! গুণে নেন আরেকবার। গুনতে তো মুশকিল নাই।„

**পদত্যাগও চেয়েছিল বিএনপি**

খলিলুর রহমানকে প্রথমে বিগত অন্তর্বর্তী সরকারে উপদেষ্টার মর্যাদায় রোহিঙ্গা বিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ করা হয়েছিল। সেই পদে থাকা অবস্থায় তার বিভিন্ন কর্মকাণ্ড নিয়ে বিএনপি সমালোচনা করেছিল। এরপর মি. রহমানকে যখন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা করা হয়েছিল, তখন তাকে এমন স্পর্শকাতর দায়িত্ব দেওয়া নিয়ে প্রশ্ন তুলেছিল বিএনপি। সে সময় দলটি খলিলুর রহমানের নাগরিকত্ব নিয়েও প্রশ্ন তুলেছিলেন বিএনপির কোনো কোনো নেতা। দলটির শীর্ষ পর্যায়ের একজন নেতা তখন অভিযোগ করেছিলেন, খলিলুর রহমান যুক্তরাষ্ট্রের নাগরিক। অন্য দেশের নাগরিককে জাতীয় নিরাপত্তার দায়িত্ব দিয়ে দেশকে হুমকির মুখে ফেলা হয়েছে। গত বছর, অর্থাৎ ২০২৫ সালের মে

মাসে রোহিঙ্গাদের জাতিসংঘের ত্রাণ সরবরাহে ব্যবহারের জন্য বাংলাদেশের কক্সবাজারে মিয়ানমারের সঙ্গে সীমান্তে 'মানবিক' করিডোর দেওয়ার কথা বলা হয়েছিল। এ নিয়ে সে সময় খলিলুর রহমান ও অন্তর্বর্তী সরকার ব্যাপক সমালোচনার মুখে পড়েছিল। তখন চট্টগ্রাম বন্দরের ব্যবস্থাপনা বিদেশিদের হাতে দেওয়ার প্রশ্নেও সরকারের বিভিন্ন বক্তব্য নানা আলোচনার জন্ম দিয়েছিল। সেই পটভূমিতে ২০২৫ সালের ২২ মে ঢাকায় সংবাদ সম্মেলন করে বিএনপির সিনিয়র নেতা খন্দকার মোশাররফ হোসেন তৎকালীন অন্তর্বর্তী সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার পদ থেকে খলিলুর রহমানের পদত্যাগ দাবি করেছিলেন। এই দাবির পেছনে যুক্তি দিতে গিয়ে সংবাদ সম্মেলনে বিএনপি নেতা মি. হোসেন বলেছিলেন, "জাতীয় নিরাপত্তা উপদেষ্টার বক্তব্যে আবারও নতুন বিতর্কের জন্ম দিয়েছে। সরকারের ভাবমূর্তি রক্ষার্থে তাকে অব্যাহতি প্রদান করতে হবে। ফ্যাসিবাদের দোসর কয়েকজন উপদেষ্টাকে সরিয়ে দেওয়ার দাবি আমরা ইতঃপূর্বে অনেকবার উত্থাপন করেছি।„

বিএনপির পক্ষ থেকে তখন খলিলুর রহমানসহ কয়েকজন উপদেষ্টার পদত্যাগের তাদের দাবি প্রধান উপদেষ্টাকে লিখিতভাবেও জানানো হয়েছিল। সর্বশেষ যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য চুক্তি স্বাক্ষর নিয়েও খলিলুর রহমানের সমালোচনা করেছিলেন বিএনপি নেতাদের অনেকে। জাতীয় সংসদ নির্বাচনের মাত্র তিনদিন আগে গত ৯ ফেব্রুয়ারি ওই চুক্তি সই হয়। এই চুক্তি বাংলাদেশের স্বার্থে হয়নি বলে বিএনপি নেতাদের অনেকে অভিযোগ করেছিলেন। তাদের এই অভিযোগের আঙুল ছিল খলিলুর রহমানের দিকে। রাজনৈতিক বিশ্লেষকেরা বলছেন, যে ব্যক্তি সম্পর্কে বিএনপি নেতাদের একটা নেতিবাচক মনোভাব প্রকাশ পেয়েছে এতদিন, তিনিই এখন দলটির সরকারের গুরুত্বপূর্ণ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মন্ত্রী। খলিলুর রহমানের নেতৃত্বাধীন পররাষ্ট্র মন্ত্রণালয়ের জানালা দিয়েই বিশ্ব দেখবে বিএনপি সরকারের বাংলাদেশকে। সে কারণে মানুষ বিস্মিত হয়েছে বলে তারা মনে করেন।

**খলিলুর রহমান যুক্তরাষ্ট্রের গ্রিন কার্ডধারী?**

অন্তর্বর্তী সরকারের শাসনে খলিলুর রহমানের নাগরিকত্ব নিয়েও প্রশ্ন উঠেছিল। তিনি যুক্তরাষ্ট্রের নাগরিক- বিএনপির নেতারাও এই অভিযোগ তুলেছিলেন। এ অভিযোগ অস্বীকার করে আসছেন খলিলুর রহমান। তার দাবি হচ্ছে, তিনি যুক্তরাষ্ট্রের নাগরিক নন। বাংলাদেশের পাসপোর্ট ছাড়া তার অন্য কোনো দেশের পাসপোর্ট নেই। বিশ্লেষকেরা বলছেন, তিনি দুই যুগেরও বেশি সময় ধরে যুক্তরাষ্ট্রে বসবাস করেন। সেকারণে যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের প্রশ্ন আলোচনায় আসছে। এছাড়া অন্তর্বর্তী সরকার বিদায় নেওয়ার কয়েকদিন আগে ওই সরকারের প্রধান উপদেষ্টাসহ অন্য উপদেষ্টারা তাদের সম্পদের যে হিসাব প্রকাশ করেছেন, তাতে দেখা যায়, খলিলুর রহমানের সম্পদের বেশিরভাগই বিদেশে। মি. রহমানের ঘনিষ্ঠ একটি সূত্র দাবি করেছে, নাগরিকত্ব না নিয়ে খলিলুর রহমান যুক্তরাষ্ট্রের গ্রিনকার্ড নিয়েছেন এবং এর মাধ্যমেই সেখানে দীর্ঘদিন বসবাস করছেন। প্রসঙ্গত, গ্রিন কার্ডের মাধ্যমে যুক্তরাষ্ট্র বিভিন্ন আয়ের স্তরের অভিবাসীদের সে দেশে স্থায়ীভাবে বসবাস ও কাজ করার অনুমতি দেয়। গ্রিন কার্ডধারীরা সাধারণত পাঁচ বছর পর নাগরিকত্বের জন্য যোগ্য হয়ে ওঠেন।

**কেন মন্ত্রিসভায় জায়গা দিলো বিএনপি**

বিএনপির নেতারা আনুষ্ঠানিকভাবে খলিলুর রহমানকে মন্ত্রী করার পক্ষে বা বিপক্ষে, কোনো দিকেই কথা বলতে রাজি হননি। তবে দলটির নীতি-নির্ধারণী পর্যায়ের একাধিক নেতা অনানুষ্ঠানিক আলাপে বলেছেন, কূটনীতিতে মি. রহমানের পেশাদারিত্ব আছে। বর্তমান ভূ-রাজনীতিতে শক্তিশালী দেশ যুক্তরাষ্ট্র-চীন এবং প্রতিবেশী ভারতের যে অবস্থান, সেখানে বাংলাদেশের ভারসাম্য রক্ষা করে চলার ক্ষেত্রে পেশাদার ও দক্ষ পররাষ্ট্রমন্ত্রী প্রয়োজন। তাকে সরকারে নেওয়ার ক্ষেত্রে সেটি বিবেচনায় এসেছে বলে তারা মনে করেন। বিষয়টিকে ভিন্নভাবে দেখছেন খলিলুর রহমানের ঘনিষ্ঠ একাধিক সাবেক কূটনীতিক। তারা মনে করেন, গত বছরের মাঝামাঝি সময়ে আইন-শৃঙ্খলাসহ বিভিন্ন বিষয় নিয়ে অন্তর্বর্তী সরকার ব্যাপক সমালোচনার মুখে পড়েছিল। সে সময় বিএনপিও নির্বাচনের দিনক্ষণ চেয়ে আন্দোলনের হুমকি দিয়েছিল। ফলে এক ধরনের অস্থিরতা চলছিল। সেই পটভূমিতে গত বছরের জুন মাসে ওই সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস লন্ডন গিয়ে সে সময় সেখানে নির্বাসনে থাকা বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন। যে বৈঠক থেকে ফেব্রুয়ারিতে নির্বাচনের ঘোষণা এসেছিল। তখন অধ্যাপক ইউনূসের সঙ্গে খলিলুর রহমানও লন্ডন গিয়েছিলেন এবং বিএনপি নেতার সঙ্গে বৈঠকে মি. রহমানও উপস্থিত ছিলেন। সাবেক ওই কূটনীতিকেরা বলছেন, সেই লন্ডন বৈঠকের সময়ই খলিলুর রহমান বিএনপির সঙ্গে তার পুরোনো সম্পর্ক ঝালাই করে আসেন। তখন থেকে তারেক রহমানের সঙ্গে খলিলুর রহমানের কথাবার্তা বা যোগাযোগ ছিল বলে তাদের ধারণা। তাদের বক্তব্য অনুযায়ী, ২০০১ সালে নির্বাচন পরিচালনার জন্য গঠিত তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা সাবেক প্রধান বিচারপতি লতিফুর রহমান তার একান্ত সচিব হিসেবে নিয়োগ দিয়েছিলেন খলিলুর রহমানকে। সে সময়ই বিএনপির নেতৃত্বের সঙ্গে মি. রহমানের একটা সম্পর্ক গড়ে উঠেছিল। খলিলুর রহমানের ঘনিষ্ঠ আরেকটি সূত্র বলছে, অন্তর্বর্তী সরকারে থেকেই মি. রহমান শেষপর্যন্ত নির্বাচন করাসহ বিভিন্ন ক্ষেত্রে বিএনপির পক্ষে ভূমিকা রেখেছেন, তিনি এমন একটি ধারণা দলটির শীর্ষ নেতৃত্বের কাছে তৈরি করতে পেরেছিলেন।

**যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তিও একটি প্রেক্ষাপট**

বিএনপির সঙ্গে সম্পর্কের বিষয় ছাড়াও ভূ-রাজনীতির প্রসঙ্গও টেনেছেন সাবেক একজন কূটনীতিক। তিনি বলেন, নির্বাচনের তিনদিন আগে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের যে বাণিজ্য চুক্তি হয়েছে এবং এর বিভিন্ন শর্ত নিয়ে যেহেতু ঢাকায় ব্যবসায়ী, অর্থনীতিবিদদের পাশাপাশি বিএনপি নেতারাও সমালোচনা করেছেন, ফলে ওই চুক্তি বিরোধী একটা মতামত গড়ে উঠছে। এমন পটভূমিতে চুক্তিটির ধারাবাহিকতা রক্ষা করা বা বহাল রাখার বিষয় আছে। এই চুক্তি হওয়ার পেছনে খলিলুর রহমানের ভূমিকা আলোচনায় এসেছে। এছাড়া রোহিঙ্গা সংকটসহ আরও কিছু ইস্যুতে আঞ্চলিক ও বৃহত্তর পরিসরের ভূ-রাজনীতিতে ভারসাম্য রক্ষার প্রশ্ন রয়েছে। সেজন্য অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা থেকে মি. রহমানকে নির্বাচিত সরকারে নেওয়ার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের পরামর্শ থাকতে পারে, যা বিএনপি নেতৃত্ব বিবেচনায় নিয়েছে- এমন ধারণার কথাও বলছেন সাবেক ওই কূটনীতিক। তবে তিনি উল্লেখ করেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তিতে বিভিন্ন শর্ত আনা হয়েছে চীনকে টার্গেট করে। ফলে চীনের সঙ্গে বাংলাদেশের সম্পর্কে নেতিবাচক প্রভাব পড়তে পারে। দেশের ব্যবসায়ী ও অর্থনীতিবিদেরাও মনে করেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তির শর্তগুলো অনেক ক্ষেত্রে কঠোর। এ চুক্তিতে দেশের স্বার্থকে বিবেচনায় নেওয়া হয়নি; বরং চুক্তিটি আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের অবস্থানকে সীমিত করে দিতে পারে।

খলিলুর রহমান বিএনপি সরকারের পররাষ্ট্রমন্ত্রী হওয়ায় অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্রনীতির ধারাবাহিকতাই থাকতে পারে, এমন সন্দেহও প্রকাশ করছেন সাবেক কূটনীতিকদের কেউ কেউ। তাদের বক্তব্য হচ্ছে, অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্রনীতির ধারাবাহিকতা রাখা হলে তাতে ভারতের সঙ্গে সম্পর্কের টানাপড়েন দূর করা সহজ হবে। এছাড়া বিএনপি যে-কোনো একটি দেশকেন্দ্রিক পররাষ্ট্রনীতি বিরুদ্ধে, সেই কথার সঙ্গে বাস্তবতা ভিন্ন হবে। তখন সম্পর্ক শুধু যুক্তরাষ্ট্রকে সামনে রেখে এক দেশকেন্দ্রিক হয়ে যেতে পারে বলে মনে করছেন সাবেক কূটনীতিকদের কেউ কেউ। তবে সাবেক আরেকজন কূটনীতিক মুন্সি ফয়েজ আহমদ মনে করেন, প্রধানত বিএনপির নেতৃত্বের সঙ্গে সম্পর্কের কারণেই দলটির সরকারে জায়গা পেয়েছেন খলিলুর রহমান। সেখানে যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত বাণিজ্য চুক্তি এগিয়ে নেওয়ার বিষয়ও একটি কারণ হতে পারে। যদিও পররাষ্ট্রমন্ত্রী হিসেবে যাত্রার প্রথম দিনে বুধবার খলিলুর রহমান সাংবাদিকদের বলেছেন, বিএনপির প্রতিষ্ঠাতা, প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের পররাষ্ট্রনীতি অনুযায়ী তারা এগোবেন। সেখানে সবার আগে বাংলাদেশের স্বার্থ নিশ্চিত করবেন তারা। তবে এই বক্তব্যের বাস্তবায়ন প্রশ্নে সন্দেহ রয়েছে কূটনীতি বিশ্লেষকদের অনেকের।(বিবিসি ওয়েব পেজ : ১৯.০২.২০২৬ আলী আহমেদ)

## বাসসের এমডি মাহবুব মোর্শেদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তদন্তে কমিটি গঠন

রাষ্ট্র নিয়ন্ত্রিত বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) এমডি মাহবুব মোর্শেদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তদন্তে কমিটি গঠন করা হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে জারিকৃত আজ এক আদেশে এ কথা বলা হয়। এতে বলা হয়েছে, ”সম্প্রতি বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক মাহবুব মোর্শেদের বিরুদ্ধে উত্থাপিত দুর্নীতির অভিযোগসমূহ নিরপেক্ষ, স্বচ্ছ ও সুষ্ঠুভাবে পর্যালোচনার লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে।„ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন- প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, মহাপরিচালক। এছাড়া, গণযোগাযোগ অধিদপ্তর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব তদন্ত কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে জারিকৃত আদেশে আরও বলা হয়, কমিটি অভিযোগের বিষয়গুলো গভীরভাবে পর্যালোচনা করবে, সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ করবে এবং প্রয়োজনীয় অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করবে। তদন্ত শেষে আগামী ২৫শে ফেব্রুয়ারির মধ্যে সুপারিশসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০২.২০২৬ রনি)

## অধ্যাপক ইউনূস যমুনায় থাকবেন কতদিন, নতুন প্রধানমন্ত্রী উঠবেন কোথায়?

সদ্য বিদায়ি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস এখন কী করবেন, সরকারি বাসভবনে থাকছেন, নাকি ছেড়ে দিয়েছেন, এমন অনেক প্রশ্নে চলছে নানা আলোচনা। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় পেয়ে বিএনপি সরকার গঠন করেছে গত ১৭ ফেব্রুয়ারি। আর বিদায় নিয়েছে অন্তর্বর্তী সরকার। চব্বিশের গণ-অভ্যুত্থানে ৫ আগস্ট শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে যাওয়ার তিনদিন পর অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে শপথ নিয়েছিলেন অধ্যাপক ইউনূস। সে সময় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনাকে প্রধান উপদেষ্টার বাসভবন হিসেবে নির্ধারণ করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সরকারি আবাসন পরিদপ্তর। সাধারণত গণভবনই সরকার প্রধানের বাসভবন হয়ে থাকে। কিন্তু ৫ আগস্ট শেখ হাসিনার দেশ ছাড়ার খবরে গণভবনমুখী হাজারো ছাত্র-জনতা সেখানে হামলা ও ভাঙচুর চালায়। বসবাসের অনুপযোগী হয়ে পড়ায় অন্তর্বর্তী সরকার প্রধানের বাসভবন হিসেবে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনাকে বেছে নেয় সরকারি আবাসন পরিদপ্তর। নতুন সরকার গঠিত হওয়ায়, এখন অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে ছাড়তে হবে এই রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনা। অন্তর্বর্তী সরকারের বিদায়ের পর অধ্যাপক ইউনূস

সরকারি বাসভবন যমুনাই থাকছেন কিনা- এ বিষয়ে জানতে চাইলে ঢাকা মেট্রোপলিটন পুলিশের রমনা জোনের এডিসি মীর আসাদুজ্জামান বিবিসি বাংলাকে বলেন, অধ্যাপক ইউনূস যমুনায় সরকারি বাসভবনেই আছেন। তবে, অধ্যাপক ইউনূস এক সপ্তাহের মধ্যে সরকারি বাসভবন যমুনা ছেড়ে দেবেন বলে জানা গেছে।

**প্রধানমন্ত্রী তারেক রহমান থাকবেন কোথায় এবং উঠছেন কোথায় অধ্যাপক ইউনূস?**

নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমানের রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ওঠার কথা নিশ্চিত করা হয়েছে বলে জানিয়েছেন ডিএমপির পুলিশ কর্মকর্তা মীর আসাদুজ্জামান। প্রধানমন্ত্রী ও যমুনার আশেপাশের নিরাপত্তা ব্যবস্থার দায়িত্ব পুলিশের রমনা বিভাগের। রমনা জোনের এডিসি মীর আসাদুজ্জামান বলেন, ”এখানে ওঠার কথা। আমি যতটুকু জানি, এখানে সংস্কারের কাজ হবে। এটা হয়ত আনুমানিক মাস দুই লাগতে পারে উঠতে।„ এদিকে, অধ্যাপক মুহাম্মদ ইউনূস এখন যমুনায় আছেন উল্লেখ করে তার ঘনিষ্ঠ একজন কর্মকর্তা বিবিসি বাংলাকে জানিয়েছেন, ”এখন উনি যমুনায় আছেন এক সপ্তাহের জন্য। এই সপ্তাহের পরে মুভ করবেন উনি গুলশানের বাসায়।„ বৃহস্পতিবারও অধ্যাপক মুহাম্মদ ইউনূস স্ত্রী ও মেয়েসহ যমুনায় অবস্থান করছেন। গুলশানের নিজের বাসার ”একটু রিনোভেশনের কাজ করার জন্য সপ্তাহখানেক ওখানে আছেন, শেষ করলেই ফিরবেন উনি,„ বলছিলেন ওই কর্মকর্তা।

এদিকে, গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী খালেকুজ্জামান চৌধুরী বিবিসি বাংলাকে জানান, ”মাননীয় প্রধানমন্ত্রী যখন উঠবেন, তখন ওনার ডিজায়ার অনুযায়ী কিছু সংস্কার লাগবেই। প্রধান উপদেষ্টা ওঠার আগে কিছু কাজ করা হয়েছিল। কিছু কাজ করা লাগবে। আমাদের প্রস্তুতি আছে।„ ঠিক কবে মি. ইউনূস যমুনা ছেড়ে যাবেন, সেটি সুস্পষ্ট না জানলেও খুব শীঘ্রই ছেড়ে দেবেন বলে শুনেছেন তিনি। নতুন প্রধানমন্ত্রীর জন্য তাহলে যমুনার সংস্কার কাজ কবে থেকে শুরু হবে বা কতদিন লাগবে জানতে চাইলে তিনি বলেন, ”আমরা টার্গেট করেছি যে, আমরা এটা ভ্যাকেন্ট পাওয়ার পর থেকে একমাসের মধ্যে রেডি করতে পারবো।„

**দেশেই কী থাকছেন সাবেক এই সরকার প্রধান?**

অধ্যাপক ইউনূস এখন দেশেই থাকছেন। মার্চের তৃতীয় সপ্তাহে একটি অনুষ্ঠানে জাপান গিয়ে আবার বাংলাদেশে ফিরে আসবেন তিনি। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা থাকার সময়ই তার এই সফর নির্ধারিত হয়েছিল। গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী খালেকুজ্জামান চৌধুরী জানান, ”উনি (অধ্যাপক ইউনূস) ব্যক্তিগত কাজ করছেন এখন, যেটা করতেন আগে। তারপরে ইউনূস সেন্টারে অফিস শুরু করবেন। নেক্সট উইক থেকেই অফিস শুরু করবেন। যমুনায় বসেই ব্যক্তিগত কাজগুলো করছেন তিনি,„ বলেছিলেন ওই কর্মকর্তা। কবে থেকে ইউনূস সেন্টারের কার্যালয়ে অফিস শুরু করবেন এমন প্রশ্নে এই কর্মকর্তা জানান, ”নেক্সট উইকে ইউনূস সেন্টারে জয়েন করবেন। এরপরে ওনার থ্রি জিরো কনসেপ্ট নিয়ে রেগুলার বেসিসে কাজ করবেন।„ অধ্যাপক ইউনূসের এই থ্রি জিরো কনসেপ্ট হলো, শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব এবং শূন্য নিট কার্বন নিঃসরণের ধারণা বিশ্বব্যাপী ছড়িয়ে দেওয়া। তবে অধ্যাপক ইউনূস প্রকাশ্যে এখনো কোনো মন্তব্য করেননি। এদিকে, অধ্যাপক ইউনূসের ঘনিষ্ঠ এক ব্যক্তি জানান, বিশ্বের বিভিন্ন দেশের বেশ কিছু কনফারেন্সে যোগ দেওয়ার জন্য অধ্যাপক ইউনূসের কাছে আমন্ত্রণপত্র জমা রয়েছে। কেবল একটি কনফারেন্সে অংশ নেওয়ার বিষয়টি নিশ্চিত করলেও বাকিগুলোতে অংশ নেবেন কি না, এখনো তা নিশ্চিত করেননি। ”আপাতত মার্চের তৃতীয় সপ্তাহে জাপান যাচ্ছেন। এর মধ্যে অন্য কোথাও যাচ্ছেন না। জাপানই ফার্স্ট ট্রিপ„ উল্লেখ করেন মি. ইউনূসের ঘনিষ্ঠ এই ব্যক্তি। জাপানের সাসাকাওয়া পিস ফাউন্ডেশনের আমন্ত্রণে পাঁচ দিনব্যাপী ওই অনুষ্ঠানে অংশ নেবেন অধ্যাপক ইউনূস। ”ওই অনুষ্ঠানে লেকচার দেবেন, মিটিং করবেন ও বিভিন্ন কোলাবোরেশন নিয়ে কাজ করবেন তিনি। সেটা শেষ করে দেশেই ফেরার প্ল্যান আছে,„ জানান অধ্যাপক মুহাম্মদ ইউনূসের ঘনিষ্ঠ ওই ব্যক্তি।

(বিবিসি ওয়েব পেজ : ১৮.০২.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### ট্রাম্প প্রশাসন শীঘ্রই ইরানের উপর বড়ো ধরনের হামলা চালাতে পারে : মার্কিন সংবাদমাধ্যম

একটি মার্কিন সংবাদমাধ্যম জানিয়েছে যে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন শীঘ্রই ইরানের বিরুদ্ধে একটি বিশাল সামরিক অভিযান শুরু করতে পারে। বুধবার সংবাদ ওয়েবসাইট অ্যাক্সিওস বলেছে যে, প্রশাসন ”অধিকাংশ আমেরিকানের যা ধারণা, তার চেয়ে বেশি মধ্যপ্রাচ্যে একটি বড়ো যুদ্ধের কাছাকাছি পৌঁছেছে„ এবং তারা এও জানায় যে, এই যুদ্ধ ”খুব শীঘ্রই„ শুরু হতে পারে। প্রতিবেদনে বিভিন্ন সূত্রের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে যে, ইরানে মার্কিন সামরিক অভিযান সম্ভবত ”একটি বিশাল, কয়েক সপ্তাহব্যাপী অভিযান„ হবে। প্রতিবেদনে আরও বলা হয় যে, এটি সম্ভবত ”গত বছরের জুনে ইরানের পারমাণবিক স্থাপনাগুলোতে তাদের আক্রমণের চেয়ে অনেক বেশি বিস্তৃত একটি যৌথ মার্কিন-ইসরায়েল অভিযান„ হবে। হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলাইন লেভিট বুধবার সাংবাদিকদের বলেন যে, ইরানের বিরুদ্ধে হামলার অনেক কারণ এবং যুক্তি তুলে ধরা যায়। তবে তিনি বলেন, ট্রাম্প ”সব সময় খুব স্পষ্টভাবেই এটি বলে আসছেন যে, ইরানের ক্ষেত্রেই হোক বা বিশ্বের অন্য যে-কোনো দেশ, কূটনীতিই হচ্ছে সর্বদা

তার প্রথম বিকল্প।„ লেভিট আরও বলেন, ট্রাম্প এবং তার প্রশাসনের সাথে চুক্তি করাই হবে ইরানের পক্ষে সবচেয়ে বুদ্ধিমানের কাজ।(এনএইচকে ওয়েবপেইজ: ১৯.০২.২৬ রনি)

## ডয়চে ভেলে

### বাংলাদেশিদের জন্য ভারতীয় ভিসা পর্যায়ক্রমে স্বাভাবিক হবে : ভারতীয় কর্মকর্তা

বাংলাদেশিদের জন্য সব ধরনের ভিসা কার্যক্রম পর্যায়ক্রমে স্বাভাবিক পর্যায়ে ফিরবে বলে জানিয়েছেন সিলেটে নিযুক্ত ভারতীয় সহকারী হাইকমিশনার অনিরুদ্ধ দাস।গতকাল বুধবার সিলেট জেলা প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এই কথা জানিয়েছেন বলে প্রতিবেদনে উল্লেখ করেছে বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। অনুষ্ঠানে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করতে ভিসা প্রদানে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দেন অনিরুদ্ধ দাস। তিনি বলেন, "ভারত-বাংলাদেশ সম্পর্ক পারস্পরিক শ্রদ্ধা ও সম্মানের ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে। দুই দেশের জনগণই স্থিতিশীল, ইতিবাচক, গঠনমূলক, দীর্ঘমেয়াদি এবং পারস্পরিক কল্যাণকর সম্পর্কে প্রধান অংশীদার।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রুবাইয়া)

### তারেককে ট্রাম্পের অভিনন্দন : বাণিজ্য-প্রতিরক্ষা সম্পর্কে জোর

বাংলাদেশের নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে চিঠি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় সামাজিক মাধ্যম এক্স-এ চিঠিটি প্রকাশ করেছে। বাংলাদেশের `ঐতিহাসিক নির্বাচনে, বিজয়ী হওয়ায়, মার্কিন জনগণের পক্ষে চিঠিতে ট্রাম্প তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে সাফল্য কামনা করেন। তিনি লিখেছেন, "আমাদের দুই দেশের অংশীদারিত্ব পারস্পরিক শ্রদ্ধা এবং একটি মুক্ত ও অবাধ ইন্দো-প্যাসিফিক অঞ্চল গড়ে তোলার অভিন্ন স্বার্থের ওপর ভিত্তি করে প্রতিষ্ঠিত, যেখানে শক্তিশালী ও সার্বভৌম জাতিগুলো সমৃদ্ধি লাভ করতে পারে।„ চিঠিতে বাণিজ্যিক সম্পর্ক এগিয়ে নিতে তিনি অন্তর্বর্তী সরকারের শেষ সময়ে হওয়া দুই দেশের মধ্যেকার বাণিজ্য চুক্তি বাস্তবায়নে তাগিদ দেন। এর মাধ্যমে উভয় দেশের কৃষক ও কর্মীরা লাভবান হবে বলে উল্লেখ করেন। চিঠিতে প্রতিরক্ষা চুক্তির উপরও জোর দেন তিনি। বলেন, "আমি আরও আশা করি যে, আপনি রুটিন প্রতিরক্ষা চুক্তিগুলো সম্পন্ন করার জন্য দৃঢ় পদক্ষেপ নেবেন, যা শেষ পর্যন্ত আপনার সামরিক বাহিনীকে উচ্চমানের, বিশ্বসেরা আমেরিকান সরঞ্জাম ব্যবহারের সুযোগ দেবে।„ যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যকার সম্পর্ক আগের যে-কোনো সময়ের চেয়ে শক্তিশালী হবে বলেও মার্কিন প্রেসিডেন্ট চিঠিতে উল্লেখ করেছেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রুবাইয়া)

### রোজার প্রথম দিনেই বাড়লো মাছ, মাংস, সবজির দাম

বৃহস্পতিবার শুরু হলো রামজান মাস। প্রধানমন্ত্রী তারেক রহমান বুধবারই তার ভাষণে বলেছেন, পবিত্র এই মাসে কেউ যেন অতিরিক্ত মুনাফার কথা না ভাবেন। কিন্তু বাজারের ছবি ঠিক তার বিপরীত। ঢাকার বাজারে এক হালি লেবুর দাম ১০০-১২০ টাকা। মুরগির বাদামি রঙের এক ডজন ডিমের দাম ১১০ টাকা। অর্থাৎ, এক হালি লেবুর দামে এখন এক ডজন ডিম কেনা যাচ্ছে। দাম বেড়েছে বেগুন, শসা, পেঁয়াজ, টমেটো, কাঁচা মরিচ, খেজুর, ব্রয়লার মুরগি ও বিভিন্ন ধরনের মাছের। বুধবার মোহাম্মদপুর কৃষি মার্কেট, টাউন হল বাজার, আগারগাঁও তালতলা বাজার ও কারওয়ান বাজার ঘুরে এবং বিক্রেতাদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রুবাইয়া)

### প্রথম আলোর পোড়া ভবনে বিদেশি কূটনীতিকেরা

উগ্রবাদীদের সুসংগঠিত হামলা ও আগুনে পুড়ে যাওয়া প্রথম আলো ভবনে শিল্প প্রদর্শনীতে এসে বিদেশি কূটনীতিকেরা সংবাদপত্র ও মতপ্রকাশের স্বাধীনতা এবং গণতন্ত্রের প্রতি তাদের সমর্থন ব্যক্ত করেছেন। হামলার শিকার প্রথম আলো ও দ্য ডেইলি স্টারের প্রতি সংহিত জানিয়েছেন তারা। বুধবার সকাল থেকে কারওয়ান বাজারে প্রথম আলোর অগ্নিদগ্ধ কার্যালয়ে শুরু হয়েছে শিল্প-প্রদর্শনী। যার নাম দেওয়া হয়েছে `আলো,। বিশিষ্ট শিল্পী মাহবুবুর রহমান হামলার ঘটনা এবং সেখান থেকে সংবাদমাধ্যমের ঘুরে দাঁড়ানো নিয়ে তার শিল্পকর্ম তৈরি করেছেন। বুধ ও বৃহস্পতিবার সেখানে গিয়েছিলেন বিভিন্ন দেশের কূটনীতিকেরা। প্রদর্শনী দেখে কূটনীতিকেরা প্রথম আলো ও দ্য ডেইলি স্টারের প্রতি সংহতি জানিয়েছেন। সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা করার বিষয়েও কথা বলেছেন তারা। এই প্রদর্শনী চলবে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রতিদিন বেলা ১১টা থেকে বেলা ১টা এবং বেলা ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত প্রদর্শনী খোলা থাকবে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### তারেক রহমানকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিনন্দন

বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের সময় মঙ্গলবার এক অভিনন্দন বার্তায় বাংলাদেশের সঙ্গে পারস্পরিক বাণিজ্য সম্পর্ক আরও জোরদার এবং

প্রতিরক্ষা সহযোগিতা সম্প্রসারণে প্রয়োজনীয় চুক্তিগুলো দ্রুত বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউজ থেকে পাঠানো অভিনন্দন বার্তায় ট্রাম্প বলেন, পারস্পরিক বাণিজ্য চুক্তি বাস্তবায়নের মাধ্যমে দুই দেশের কৃষক ও শ্রমিকরা উপকৃত হবে এবং বিদ্যমান বাণিজ্য সম্পর্কের ইতিবাচক অগ্রগতি বজায় রাখা সম্ভব হবে। চিঠিতে তিনি আরও উল্লেখ করেন, নিয়মিত প্রতিরক্ষা চুক্তিগুলো সম্পন্ন করা হলে বাংলাদেশের সামরিক বাহিনী উচ্চমানের মার্কিন তৈরি আধুনিক সামরিক সরঞ্জামে প্রবেশাধিকার পাবে, যা দ্বিপাক্ষিক নিরাপত্তা সহযোগিতা আরও শক্তিশালী করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০২.২০২৬ আসাদ)

## পুলিশসহ সব বাহিনীকে দ্রুত জনপ্রত্যাশা পূরণ করতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

নবনিযুক্ত স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, পুলিশসহ অন্যান্য শৃঙ্খলা বাহিনীকে জনগণের আস্থা অর্জনের মধ্যদিয়ে দ্রুত জনপ্রত্যাশা পূরণ করতে হবে। বৃহস্পতিবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর-সংস্থার প্রধানদের সঙ্গে মতবিনিময় সভায় এ নির্দেশ দেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দীর্ঘ দেড় যুগ পর একটি স্বচ্ছ নির্বাচনের মাধ্যমে রাজনৈতিক সরকার গঠিত হয়েছে। তাই আমাদের কাছে জনগণের প্রত্যাশা অনেক। সে প্রত্যাশা পূরণে দ্রুত আমাদের নির্বাচনি ইশতেহার বাস্তবায়ন করতে চাই। আমরা পুলিশসহ বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর জনপ্রত্যাশা অনুযায়ী, গণতান্ত্রিক সংস্কার করতে চাই, প্রথমে তার অগ্রাধিকার নির্ধারণ করতে হবে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর যুগোপযোগী উন্নয়নে আমাদের একটি সঠিক পরিকল্পনা দরকার। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০২.২০২৬ আসাদ)

## মেরুদণ্ড সোজা রেখে, সব দেশের সঙ্গে সম্পর্ক এগিয়ে নিতে চায় সরকার : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

জনগণের ম্যান্ডেট নিয়ে গঠিত নতুন সরকার পররাষ্ট্রনীতিতে `মেরুদণ্ড সোজা রেখে, সব দেশের সঙ্গে সম্পর্ক এগিয়ে নিতে চায় বলে জানিয়েছেন নতুন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। তিনি বলেন, গণতান্ত্রিক সরকারের পররাষ্ট্রনীতি হবে `বাংলাদেশ ফার্স্ট,, যেখানে প্রতিটি সিদ্ধান্তে দেশের স্বার্থ অগ্রাধিকার দেওয়া হবে। বৃহস্পতিবার দায়িত্ব গ্রহণের দ্বিতীয় দিন পররাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। ভিসা জটিলতা প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ভিসা সংক্রান্ত সমস্যা সম্পর্কে সরকার অবগত এবং কীভাবে এসব সমস্যার বাস্তবসম্মত সমাধান করা যায়, সে বিষয়ে কাজ চলছে। দীর্ঘদিন পর দেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হওয়ায়, আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ নতুনভাবে নিজেদের অবস্থান তুলে ধরতে চায় বলেও উল্লেখ করেন তিনি। তিনি বলেন, গণতান্ত্রিক সরকারের পররাষ্ট্রনীতি যেমন হওয়া উচিত- বাংলাদেশ মেরুদণ্ড সোজা রেখে সব দেশের সঙ্গে যোগাযোগ রাখবে, কথা বলবে এবং সম্পর্ক এগিয়ে নেবে। জনগণের ম্যান্ডেট নিয়ে আসার কারণে সেই মেরুদণ্ড এখন শক্ত হয়েছে। শামা ওবায়েদ বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান নির্বাচনের আগে যে `বাংলাদেশ ফার্স্ট, প্রতিশ্রুতি দিয়েছেন, পররাষ্ট্র মন্ত্রণালয় সে লক্ষ্য বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। প্রতিটি নাগরিকের স্বার্থ সামনে রেখে কূটনৈতিক কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্ব দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০২.২০২৬ আসাদ)

## পরীক্ষা-মূল্যায়ন পদ্ধতিতে বড়ো সংস্কার আসছে, ঈদের পর রোডম্যাপ

শিক্ষার্থীদের পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতিতে বড়ো পরিবর্তন আনার ঘোষণা দিয়েছে নতুন সরকার। ঈদুল ফিতরের পর এ কাজের রোডম্যাপ ঘোষণা করবে শিক্ষা মন্ত্রণালয়। বৃহস্পতিবার দুপুর পৌনে ১টার দিকে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা জানান শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। এসময় শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন সেখানে উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে ববি হাজ্জাজ বলেন, আজ আমরা দিক-নির্দেশনা দিলাম। বাস্তবায়নের জন্য তিন ধাপের টাইমলাইন ধরে এগোবো। প্রথম ধাপ হবে এখন থেকে ঈদুল ফিতর পর্যন্ত। এ ধাপে `বাজেট ও প্রকল্প বাস্তবায়নের ডায়াগনস্টিক রিভিউ,; `উন্নয়ন বাজেটের ৫৩ শতাংশ ফেরত যাওয়ার কারণভিত্তিক রুট-কজ অ্যানালাইসিস, এবং `শিক্ষকদের ট্যাব দেওয়া, মাল্টিমিডিয়া ক্লাসরুম ও ভাষা শিক্ষার পাইলট ডিজাইন, করা হবে। দ্বিতীয় ঘোষণা অনুযায়ী, শিক্ষা মন্ত্রণালয়ের দ্বিতীয় ধাপ শুরু হবে ঈদুল ফিতরের পর। ববি হাজ্জাজ বলেন, দ্বিতীয় ধাপে আমরা প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্মতি নিয়ে জাতীয় শিক্ষা রোডম্যাপ ঘোষণা করবো। সেটা মন্ত্রণালয়ভিত্তিক, বিভাগভিত্তিক ও পরিমাপযোগ্য সূচকসহ। তৃতীয় ধাপে হবে ১২ থেকে ৩৬ মাসের; অর্থাৎ এক বছর থেকে তিন বছর। এ ধাপের কাজের বর্ণনা তুলে ধরে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, তৃতীয় ধাপে আমরা পরীক্ষা ও মূল্যায়ন বড়ো টেকনিক্যাল রি-ফর্ম করবো। কারিগরি, সাধারণ এবং মাদরাসা শিক্ষায় সেতুবন্ধ করা হবে। এছাড়া, বিশ্ববিদ্যালয়ে গবেষণা ও ইনোভেশন গ্র্যান্ট স্কেল আপ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০২.২০২৬ আসাদ)

## বিধি-বিধানের বাইরে কোনো কিছু বাস্তবায়ন করতে দেবো না : তথ্যমন্ত্রী

বিধি-বিধানের বাইরে কোনো কিছু বাস্তবায়ন করতে দেওয়া হবে না বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। বৃহস্পতিবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। মব

করে বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) এমডিকে সরানো হয়েছে। এখন টিভির কয়েকজন রিপোর্টারকে চাকরিচ্যুত করা হয়েছে, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেন, আমি নিজেও গতকাল সন্ধ্যার দিকে ঘটনাটা শুনেছি এবং এটা একটা দুঃখজনক ঘটনা। তবে বাংলাদেশ সংবাদ সংস্থা, যেটা একটা সরকারি সংস্থা এবং এখানে নিয়োগ, নিয়োগ বহাল বা বাতিল এসব কিছুরই কিন্তু একটা বিধিবদ্ধ নিয়ম আছে। অবশ্যই সরকার সবকিছু বিধিবদ্ধ নিয়মের মধ্যেই বিবেচনা করবে। তিনি বলেন, বাসসে ঘটে যাওয়া যে দুঃখজনক ঘটনা, সেটাও আলাপ-আলোচনা সাপেক্ষে আমরা বিধি-বিধান অনুযায়ী সমাধান বের করবো। ব্যক্তিগত যে মিডিয়া হাউজে সমস্যা হয়েছে, সম্ভবত এখন টিভিতে। এটাও কেবল শুনেছি। সংশ্লিষ্ট যারা সংক্ষুব্ধ যে কয়জন এবং এখন টিভির মালিক পক্ষ, আমি উভয়ের সঙ্গে কথা বলে বিষয়টা একটু ভালো করে বুঝে সমঝোতার মাধ্যমে সমাধান করা যায় কি না উদ্যোগ নেবো। মতভিন্নতার প্রশ্নে কারও চাকরি যাওয়া কি উচিত এই সময়ে এসে- এমন প্রশ্নে জহির উদ্দিন স্বপন বলেন, যদি ব্যক্তিগত কোনো প্রতিষ্ঠান, ব্যক্তিগত কোনো প্রতিষ্ঠান কাকে চাকরি দেবে, কাকে চাকরি দেবেন না, কার চাকরি তারা রাখবেন, কার চাকরি তারা রাখবেন না, এটা সম্পূর্ণই তাদের ব্যাপার। তবে তথ্যমন্ত্রী হিসেবে আমি যে-কোনো সাংবাদিক যখন সংক্ষুব্ধ হবেন, আমি চেষ্টা করবো, সেটি ব্যক্তিগত মালিকানাধীন প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও, সাংবাদিকের অধিকার সংরক্ষণ করে এগোনো হচ্ছে কি না, সেটা সুরক্ষা দেওয়ার দায়িত্ব আমার। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০২.২০২৬ আসাদ)

## রমজানে ১০ লাখ পরিবারকে সুলভে প্রোটিন খাদ্য দেবে সরকার : টুকু

মৎস্য ও প্রাণিসম্পদ, কৃষি এবং খাদ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু বলেছেন, রমজান উপলক্ষ্যে নিম্ন আয়ের মানুষের জন্য সুলভমূল্যে প্রোটিন সমৃদ্ধ খাদ্য সরবরাহের উদ্যোগ নেওয়া হয়েছে। এ কার্যক্রমের আওতায় সারা দেশে প্রায় ১০ লক্ষাধিক পরিবারকে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা রয়েছে। ফলে বাজারে মূল্য নিয়ন্ত্রণে ইতিবাচক প্রভাব পড়বে এবং সাধারণ ভোক্তারাও উপকৃত হবেন। বৃহস্পতিবার রাজধানীর মহাখালীতে অবস্থিত বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানের সম্মেলন কক্ষে রমজান মাসে সুলভমূল্যে দুধ, ডিম ও মাংস বিক্রয় কর্মসূচির উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন প্রতিমন্ত্রী। মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী জাতির কাছে যে প্রতিশ্রুতি দিয়েছেন, তা বাস্তবায়নের লক্ষ্যে আমাদের সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করতে হবে। সবার সম্মিলিত সহযোগিতার মাধ্যমেই এ দেশকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে এগিয়ে নেওয়া সম্ভব। তিনি বলেন, রমজান মাসে কিছু অসাধু ব্যবসায়ী পণ্যের মূল্যবৃদ্ধি করলে নিম্ন আয়ের মানুষের কষ্ট বেড়ে যায়। নিম্ন আয়ের মানুষের কষ্ট লাঘবে সরকারের এ ধরনের উদ্যোগ তাদের জন্য সহায়ক ভূমিকা রাখবে। ভবিষ্যতে এ কার্যক্রম আরও সম্প্রসারণের পরিকল্পনাও রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০২.২০২৬ আসাদ)

## ১৮০ দিনের মধ্যে খাল খনন কর্মসূচি দৃশ্যমান হবে : পানিসম্পদ মন্ত্রী

জাতীয় পর্যায়ে নদী-খাল-জলাধার খনন ও পুনঃখনন কর্মসূচি শিগ্‌গির শুরু হবে এবং সর্বোচ্চ ১৮০ দিনের মধ্যে এটি দৃশ্যমান হবে বলে জানিয়েছেন পানিসম্পদ মন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। বৃহস্পতিবার সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ এবং জাতীয় পর্যায়ে নদী-খাল-জলাধার খনন ও পুনঃখনন কর্মসূচি বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভা শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। পানিসম্পদ মন্ত্রী বলেন, প্রেসিডেন্ট জিয়াউর রহমান ওনার জীবদ্দশায় এই খাল খনন কর্মসূচি বাংলাদেশে একটা মহাবিপ্লবে পরিণত করেছিলেন। তো দীর্ঘদিন থেকে আমরা দেশবাসী ভুক্তভোগী যে খাল খননও নেই এবং এই যে জলাবদ্ধতা অথবা জলাশয়ে কোনো পানি নাই, সেচের ব্যবস্থা নেই- সবকিছু থেকে দেশবাসী আমরা বঞ্চিত।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০২.২০২৬ আসাদ)

## আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার চলমান থাকবে : চিফ প্রসিকিউটর

২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য গঠিত ট্রাইব্যুনালের বিচারকাজ চলমান থাকবে বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর অ্যাডভোকেট মোহাম্মদ তাজুল ইসলাম। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রাঙ্গণে সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, আপনারা গতকাল হয়ত দেখেছেন আইনমন্ত্রী বলেছেন, ট্রাইব্যুনালের কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলমান থাকবে। আমরা আশা করি, ট্রাইব্যুনালের বিচারকাজ চলমান থাকবে। সরকার আমাদের সুনির্দিষ্ট কিছু না বললেও, চলমান রাখার ব্যাপারে ইঙ্গিত দিয়েছেন। যতক্ষণ পর্যন্ত আমরা দায়িত্বে আছি, স্বাভাবিক গতিতেই সব কর্মকাণ্ড চলমান রাখবো এবং এটাই ন্যায়বিচারের দাবি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## পাবনায় দুইপক্ষের সংঘর্ষে বৃদ্ধ নিহত, আটক ৩

পাবনার সাঁথিয়ায় পূর্ব বিরোধের জেরে দুইপক্ষের সংঘর্ষে আব্দুল গফুর (৭০) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় উভয়পক্ষের অন্তত ৫ জন আহত হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার নন্দনপুর ইউনিয়নের খয়েরবাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, একই গ্রামের আবু তালেবের ছেলে আটককৃত

ময়েন উদ্দিন ও নিহত গফুরের ছেলে আলমের সঙ্গে টাকা লেনদেন সংক্রান্ত দ্বন্দ্ব চলছিল। এর জেরে বৃহস্পতিবার কথাকাটাকাটির এক পর্যায়ে উভয়ের মধ্যে সংঘর্ষ বাধে। এ সময় বেশ কয়েকজন আহত হন। নিহতের মরদেহ থানা মর্গে রয়েছে। ময়নাতদন্তের জন্য আগামীকাল পাবনা জেনারেল হাসপাতালে পাঠানো হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## ছয় মাসের মধ্যে অগ্রাধিকার তালিকা করার নির্দেশ প্রবাসী কল্যাণমন্ত্রীর

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেছেন, নতুন সরকারের প্রতি জনগণের যে প্রত্যাশা রয়েছে, তা পূরণে প্রথম ছয় মাসের মধ্যেই দৃশ্যমান অগ্রগতি আনতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্টদের সম্ভাব্য কাজের একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুতের নির্দেশ দিয়েছেন তিনি। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রথম কর্মদিবসে কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে পরিচিতিমূলক সভায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, মানুষের প্রত্যাশা হচ্ছে নতুন সরকার এসেছে, প্রথম ছয় মাসের মধ্যে সরকার কী কী কাজ করবে, মানুষ কিন্তু তা দেখবে। প্রথম ছয় মাস তো মানুষের একটা আগ্রহ থাকে। নতুনত্বের একটা স্পিরিট থাকে। গতি ও ক্ষিপ্রতা নিয়ে আমাদের সবাইকে কাজ করতে হবে। এ সময় প্রথম ছয় মাসের মধ্যে কী কী কাজ করা সম্ভব হবে, তার অগ্রাধিকার তালিকা করার জন্য মন্ত্রী সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## নির্বাচনি অনিয়মের শুনানির জন্য হাইকোর্টে ট্রাইব্যুনাল গঠন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে হওয়া অনিয়মের অভিযোগের বিষয়ে আবেদনপত্রের শুনানির জন্য হাইকোর্টে নির্বাচনি ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। হাইকোর্টের বিচারপতি মো. জাকির হোসেনের একক বেঞ্চ আবেদনের ওপর শুনানি গ্রহণ করবেন। এ বেঞ্চকে অন্যান্য দেওয়ানি এখতিয়ারের পাশাপাশি নির্বাচনবিষয়ক আবেদনের শুনানি ও নিষ্পত্তির এখতিয়ার দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) হাইকোর্ট বিভাগের কার্যতালিকায় এ প্রসঙ্গে বলা হয়, ২০০১ সালের গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা সংশোধিত ১৯৭২ সালের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক নির্বাচনি আবেদনপত্র ও যে-সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হবে এবং এসব সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানি করবেন। গণপ্রতিনিধিত্ব আদেশের ৪৯ ধারা অনুযায়ী, নির্বাচিত সংসদ সদস্যদের গেজেট জারির ৪৫ দিনের মধ্যে নির্বাচনি অনিয়মের বিরুদ্ধে হাইকোর্টের নির্বাচনি ট্রাইব্যুনালে আবেদনের সুযোগ রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## একেএম শহীদুল-জাবেদ পাটোয়ারীসহ ১০ জনকে ট্রাইব্যুনালে হাজিরের নির্দেশ

জঙ্গি আখ্যা দিয়ে ২০১৬ সালে গাজীপুরে সাত যুবককে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সাবেক আইজিপি একেএম শহীদুল হক ও মোহাম্মদ জাবেদ পাটোয়ারীসহ ১০ জনকে গ্রেফতার করে ২ মার্চ হাজির করার নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এই আদেশ দেন। চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম সাংবাদিকদের জানান, এ মামলায় পলাতক আসামিদের গ্রেফতার করে আদালতে উপস্থিত করার কথা ছিল, কিন্তু আসামিদের উপস্থিত করা হয়নি। আগামী ২ মার্চ আসামিদের আদালতে উপস্থাপনপূর্বক এই মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য দিন ধার্য করা হয়েছে। তাজুল ইসলাম বলেন, দেশের বিভিন্ন স্থান থেকে আটক সাতজনকে ২০১৬ সালের ৮ অক্টোবর গাজীপুরের একটা বাড়িতে নিয়ে তাদের গুলি করে হত্যা করা হয়। বলা হয় যে, তারা জঙ্গি ছিল। কিন্তু তদন্ত সংস্থার তদন্তে বের হয়েছে, সেই সাতজন ব্যক্তিকে বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন সময় গ্রেফতার করা হয়েছিল, তাদের দীর্ঘদিন গুম করে রাখা হয়েছিল। পরে তাদের এভাবে গুলি করে হত্যা করা হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## শনিবার বন্ধ থাকবে বেনাপোল-পেট্রাপোল বন্দরে আমদানি-রফতানি

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে শনিবার বেনাপোল-পেট্রাপোল স্থলবন্দর দিয়ে দুই দেশের মধ্যে আমদানি-রফতানিসহ বন্দর ও কাস্টম্‌সের যাবতীয় কার্যক্রম বন্ধ থাকবে। তবে এ সময় বেনাপোল চেকপোস্ট দিয়ে পাসপোর্টধারী যাত্রী পারাপার স্বাভাবিক থাকবে। রোববার (২২ ফেব্রুয়ারি) সকাল থেকে আবারও এ পথে আমদানি-রফতানি বাণিজ্য চলবে বলে দু`পাড়ের বন্দর ব্যবহারকারী সংগঠনের নেতৃবৃন্দ জানিয়েছেন। বেনাপোল সিএন্ডএফ এজেন্টস স্টাফ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান ও ভারতের পেট্রাপোল সিএন্ডএফ স্টাফ ওয়েল ফেয়ার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক কার্তিক চক্রবর্তী জানান, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে উভয় দেশে সরকারি ছুটি ঘোষণা করায় শনিবার বেনাপোল-পেট্রাপোল বন্দরের সকল কাজকর্ম বন্ধ থাকবে। সে কারণে এ পথে কোনো আমদানি-রফতানি কার্যক্রম হবে না। রোববার সকাল থেকে পুনরায় এ পথে আমদানি-রফতানি চলবে।

বেনাপোল চেকপোস্ট পুলিশ ইমিগ্রেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এম শাখাওয়াত হোসেন জানান, শনিবার এ পথে আমদানি-রফতানি বন্ধ থাকলেও দু`দেশের মধ্যে পাসপোর্টধারী যাত্রী চলাচল স্বাভাবিক থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## দলীয় পরিচয়ের কারণে কেউ যেন জুলুমের শিকার না হয় : জামায়াত আমির

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, শুধু দলীয় পরিচয়ের কারণে কেউ যেন জুলুমের শিকার না হয়। আমরা এই দেশ ও দেশের নাগরিকদের ভালোবাসি। যদি কেউ জুলুমের শিকার হন, তাহলে আমরা প্রতিবাদ ও প্রতিরোধ গড়ে তুলবো। তিনি আরও বলেন, সরকারি ও বিরোধী দল মিলে যেন মানুষের অধিকার নিশ্চিত করতে পারি, সেই চেষ্টা অব্যাহত থাকবে। বৃহস্পতিবার ঢাকা-১৫ সংসদীয় আসনের উদ্যোগে এতিমদের সম্মানে আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, এতিমদের থেকে আমরা মনিমুক্তো বের করে আনতে চাই। তাদের এমনভাবে গড়ে তুলতে চাই, যেন তারা দেশ ও জাতি গঠনে অগ্রণী ভূমিকা রাখতে পারে। তিনি আরও বলেন, ”যে কাজ করলে আল্লাহ সন্তুষ্ট হন, আমরা আশা রাখবো, সরকার সেই কাজটাই করবে।„ সম্প্রতি একটি বেসরকারি টেলিভিশন চ্যানেলের চার সাংবাদিকের চাকরি হারানোর বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ডা. শফিকুর রহমান বলেন, এটা সাংবাদিকদের স্বাধীনতার ওপর নির্লজ্জ আঘাত। আমরা সরকারের কাছে আশা রাখবো সাংবাদিকদের চাকরিতে পুনর্বহাল করা হবে। নইলে আমরা মনে করবো সরকার একনায়কতন্ত্রের দিকে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## বরিশালে হাতুড়ি পেটায় কৃষককে হত্যা, গ্রেফতার ৫

বরিশালের মেহেন্দিগঞ্জে তারাবি নামাজ পড়তে যাওয়ার পথে হাতুড়ি পেটা করে মোস্তফা কামাল (৪৫) নামে এক কৃষককে হত্যা করা হয়েছে। এ ঘটনায় পাঁচজনকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) রাতে বিষয়টি নিশ্চিত করেছেন মেহেন্দিগঞ্জের কাজিরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রবীউল হাসান। নিহত মোস্তফা কামাল মেহেন্দিগঞ্জ উপজেলার কাজিরহাট থানার ধর্মগঞ্জ গ্রামের মৃত আবুল হোসেনের ছেলে। ওসি জানান, বুধবার দিনগত গভীর রাতে বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মোস্তফা কামালের মৃত্যু হয়েছে। নিহতের পরিবার ও পুলিশ সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে জমি সংক্রান্ত বিরোধ নিয়ে নিহত মোস্তফা কামালের সঙ্গে প্রতিপক্ষ সিদ্দিকুর রহমান, শাহাবুদ্দিন হাওলাদার ও নাসির হাওলাদারদের বিরোধ চলে আসছিল। সবশেষ বুধবার (১৮ ফেব্রুয়ারি) রাত ৮টার দিকে তারাবি নামাজ আদায়ের জন্য বাড়ি থেকে বের হয়ে পার্শ্ববর্তী বাজারের মসজিদের উদ্দেশ্যে যাচ্ছিলেন মোস্তফা কামাল। এসময় মাঠে ওত পেতে থাকা প্রতিপক্ষরা তার ওপর অতর্কিত হামলা করে। এক পর্যায়ে হাতুড়ি দিয়ে পিটিয়ে মাথা এবং হাতসহ তার শরীরের বিভিন্ন অংশ ভেঙে দেয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## শ্রমজীবী মানুষের পাশে থাকার অঙ্গীকার প্রতিমন্ত্রী ইশরাকের

শ্রমজীবী মানুষের পাশে থেকে তাদের জীবনযাত্রার মানোন্নয়নে কাজ করার কথা জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন। তিনি বলেছেন, মেহনতি ও শ্রমজীবী মানুষের পাশে থেকে তাদের জন্য রাজনীতি করে যাব, তাদের জীবনযাত্রার মানোন্নয়নে কাজ করবো। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে আয়োজিত দোয়া ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় বাংলাদেশ অটোরিকশা ও ভ্যানচালক দলের উদ্যোগে এই কর্মসূচির আয়োজন করা হয়। ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন বলেন, আমাদের প্রাণপ্রিয় নেত্রী বেগম খালেদা জিয়া গত বছরও আমাদের সঙ্গে ছিলেন। এই রোজায় তিনি আমাদের মাঝে নেই। মহান আল্লাহ তাআলা উনাকে জান্নাতের সর্বোচ্চ স্থান দান করুন সেই দোয়া আমরা করি। তিনি বলেন, খেটে খাওয়া মানুষ কষ্ট করে রোজগার করে পরিবার চালায়। তাদের সঙ্গে বসে ইফতার করতে পারলে তিনি নিজেকে ধন্য মনে করবেন বলেই সেখানে উপস্থিত হয়েছেন। তিনি সব সময় মেহনতি মানুষের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## পরীক্ষামূলক ৮ উপজেলায় চালু হচ্ছে ফ্যামিলি কার্ড, মন্ত্রিসভা কমিটি গঠন

দেশের ৮ বিভাগের আটটি উপজেলায় পরীক্ষামূলকভাবে (পাইলটিং) ফ্যামিলি কার্ড শুরু করবে সরকার। এ বিষয়ে অর্থমন্ত্রীকে সভাপতি করে ফ্যামিলি কার্ড প্রদান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। ১৫ সদস্যের এই মন্ত্রিসভা কমিটি গঠন করে বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং সমাজকল্যাণ মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী, উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর ও মাহদী আমিন, মন্ত্রিপরিষদ সচিবসহ সাতটি

মন্ত্রণালয়ের সচিব। কমিটি ফ্যামিলি কার্ড বাস্তবায়নের একটি উপযুক্ত ডিজাইন প্রণয়ন এবং সুবিধাভোগী নির্বাচন পদ্ধতি প্রণয়ন করবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## ৪৪তম বিসিএসে নন-ক্যাডারে ৪১৩৬ জনকে নিয়োগে সুপারিশ

৪৪তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে ৪ হাজার ১৩৬ জনকে নন-ক্যাডার পদের জন্য নিয়োগের সুপারিশ করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) রাতে কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) মাসুমা আফরিনের সই করা এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ ফল প্রকাশ করা হয়। এতে জানানো হয়, `নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০২৩,-এর বিধি ৬ অনুযায়ী প্রার্থীদের মেধা ও পছন্দক্রম বিবেচনা করে এই মনোনয়ন দেওয়া হয়েছে। ৯ম থেকে ১১তম গ্রেডের বিভিন্ন শূন্য পদে এই নিয়োগ কার্যকর হবে। মনোনীত প্রার্থীদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক নিয়োগ দেওয়া হয়েছে বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তরের ৯ম গ্রেডের পদে। এর মধ্যে খাদ্য অধিদপ্তরে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক পদে ৩ জন, নিবন্ধন অধিদপ্তরে সাব-রেজিস্ট্রার পদে আটজন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সহকারী পরিচালক পদে ২৯ জনকে মনোনীত করা হয়েছে। এছাড়া, পাসপোর্ট অধিদপ্তরে ১৪ জন এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরে ১৯ জন ঔষধ তত্ত্বাবধায়ক পদে মনোনয়ন পেয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

## এনসিপির আইনজীবী সংগঠন থেকে নাজমুস সাকিবকে বহিষ্কার

এনসিপির আইনজীবীদের সংগঠন ন্যাশনাল লইয়ার্স অ্যালায়েন্সের যুগ্ম সদস্য সচিব পদ থেকে নাজমুস সাকিবকে অব্যাহতি ও সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। সংগঠনের শৃঙ্খলা ভঙ্গ, সহকর্মীদের সঙ্গে বিরূপ ও কুরুচিপূর্ণ মন্তব্য এবং ঔদ্ধত্যপূর্ণ আচরণের অভিযোগে তার বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হলো। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) ন্যাশনাল লইয়ার্স অ্যালায়েন্সের দপ্তর সেলের সদস্য অ্যাডভোকেট আমিনা আক্তার লাভলীর সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, গত ১ ফেব্রুয়ারি সংগঠনের শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে কারণ দর্শানোর নোটিশ ও সাময়িক অব্যাহতি প্রদান করা হয়। আপনি গত ৫ ফেব্রুয়ারি নোটিশের জবাব দেন, যা সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে আনা সংগঠনের শৃঙ্খলা ভঙ্গ, সহকর্মীদের সঙ্গে বিরূপ ও কুরুচিপূর্ণ মন্তব্য, ঔদ্ধত্যপূর্ণ আচরণ ও অন্যান্য অভিযোগের পরিপ্রেক্ষিতে শৃঙ্খলা উপ-কমিটির প্রস্তাবনার সাপেক্ষে আহ্বায়ক ও সদস্য সচিবের অনুমোদনক্রমে আপনাকে ন্যাশনাল লইয়ার্স অ্যালায়েন্সের যুগ্ম সদস্য সচিব পদ থেকে স্থায়ীভাবে বহিষ্কার ও অব্যাহতি প্রদান করা হলো। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০২.২০২৬ রিহাব)

# BBC

## SOUTH KOREA'S EX-PRESIDENT JAILED FOR LIFE OVER MARTIAL LAW ATTEMPT

South Korea's ex-president Yoon Suk-Yeol has been jailed for life for masterminding an insurrection by trying to impose military rule. Yoon attempted to subvert the constitution by deploying military troops to seal off the National Assembly and ordering the arrest of politicians on 3 December 2024, a Seoul court ruled. His actions fundamentally damaged South Korea's democracy and deserves a harsh punishment, presiding judge Ji Gwi-yeon told the court. Prosecutors had sought the death penalty. Though it was short-lived, Yoon's martial law order left the nation more polarized than ever, and those deep divisions were on full display as the sentencing took place. (BBC News Web Page: 19/02/26, FARUK)

## WHITE HOUSE SAYS IRAN WOULD BE 'WISE' TO MAKE DEAL, AS US RAMPS UP MILITARY PRESENCE

The White House has warned Iran would be "very wise" to make a deal with the US, amid reports that President Donald Trump is weighing fresh military action against the Islamic Republic. Press secretary Karoline Leavitt told a news briefing that Trump was still hooping for a diplomatic resolution over Tehran's nuclear programme. Her comments come as the US moves a second battleship into the region, and a day after progress was reported at US-Iran talks in Switzerland. US media reported on Wednesday that Trump had discussed attack options with advisers, and that a US strike could take place as early as Saturday. Last summer the US military launched strikes on three Iranian nuclear facilities.
(BBC News Web Page: 19/02/26, FARUK)

## HAMAS IS REASSERTING CONTROL IN GAZA DESPITE ITS HEAVY LOSSES FIGHTING ISRAEL

When a US-Imposed ceasefire halted the Gaza War last October, Hamas's war for survival against Israel switched into a battle for control at home. The war had left the group''s disciplined military units shattered into guerrilla forces, and most of its leaders killed; Gaza's buildings and infrastructure were largely destroyed, its population displaced, and its

economic life in ruins. More than 72,000 Gazans were killed by Israeli attacks during the conflict, the Hamas-run health ministry says. Four months on, Gazans say Hamas is again extending its control over security, tax revenue, and government services, raising questions about its long-term strategy, and whether it is prepared to give up its weapons and authority, as now required under the second stage of Donald Trump's peace plan.
(BBC News Web Page: 19/02/26, FARUK)

**OVER 1,000 KENYANS ENLISTED TO FIGHT IN RUSSIA-UKRAINE WAR: REPORT**

A total of 1,000 Kenyans have been recruited to fight for Russia, according to a Kenyan intelligence report that details a network of rogue officials allegedly colluding with human trafficking syndicates. The report, submitted to parliament on Wednesday by Kenya's National Intelligence Service (NIS), said 89 Kenyans were on the front lines of the Russia-Ukraine war as of February this year. At least one Kenyan has died, while several others have returned home injured or traumatized, it added. The Kenyan government, which previously estimated that about 200 of its nationals had been recruited to fight for Russia, wants Moscow to bar the conscription of Kenyan soldiers.
(BBC News Web Page: 19/02/26, FARUK)

**SUDAN ATROCITIES ARE 'HALLMARKS OF GENOCIDE': UN**

A UN fact-finding mission has determined that evidence of atrocities carried out during the siege and takeover of the Sudanese city of el-Fasher points to genocide. The paramilitary Rapid Support Forces (RSF) captured el-Fasher, located in the western region of Darfur, at the end of October after an 18-month blockade. It was one of the most brutal chapters in Sudan's nearly three-year civil war and triggered widespread international outrage. This is the closest the UN has come to declaring that genocide is being carried out by RSF fighters in Darfur during the current conflict. The RSF has not commented on the report but has denied previous such accusations. (BBC News Web Page: 19/02/26, FARUK)

**IRAN BUILDS CONCRETE SHIELD AT MILITARY SITE AMID ACUTE US TENSIONS**

Newly released satellite images show that Iran has recently built a concrete shield over a new facility at a sensitive military site and covered it in soil, advancing work at a location reportedly bombed by Israel in 2024 amid soaring tensions with the United States and the threat of regional war. The images also show that Iran has buried tunnel entrances at a nuclear site bombed by Washington during Israel's 12-day war with Iran last year - which the US joined on Israel's behalf - fortified tunnel entrances near another, and has repaired missile bases struck in the conflict. This comes as countries in the region and across the world closely monitor the prospect of a major escalation.
(BBC News Web Page: 19/02/26, FARUK)

**GAS EXPLOSION KILLS 16 IN PAKISTAN'S KARACHI, COLLAPSING BUILDING**

A gas explosion had torn through an apartment building in Pakistan's largest port city of Karachi, killing at least 16 people, including women and children, and injuring several others after part of the structure collapsed, police and rescue officials said. The explosion occurred on Thursday in a residential neighbourhood of Karachi, the capitol of southern Sindh province, as residents were preparing a pre-dawn meal on the first day of the Muslim holy month of Ramadan, local police chief Rizwan Patel said.
(BBC News Web Page: 19/02/26, FARUK)

## :: THE END ::